

সেরাদের সেবা মেধাবী বাছাই বটিয়াঘাটায় শিক্ষানুরাগীর অনন্য উদ্যোগ

□ আব্দুল হাবিব, বটিয়াঘাটা (খুলনা) মহাবিদ্যালয়

বটিয়াঘাটার সেরাদের মধ্যে যারা সেবা মেধাবী ছাত্র-ছাত্রী তাদের খুঁজে বের করতে নিম্ন বরচ ও পরিপ্রমে প্রতিযোগিতামূলক এক পরীক্ষার অনন্য আয়োজন করেছেন উপজেলার এক শিক্ষানুরাগী (অবসরপ্রাপ্ত এই স্থল শিক্ষক সেরাদের সেবা নির্বাহী অধীক্ষক নামে এই পরীক্ষার মাধ্যমে মেধাবী ছাত্র-ছাত্রীদের খুঁজে বের করেন। তিনি উপজেলার সকল স্কুল থেকে বিভিন্ন বিভাগে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান লাভকারীদের নিয়ে এই অধীক্ষক গ্রহণ করেন।

এবারের পরীক্ষায় ২১টি স্কুলের পড়াধিক মেধাবী ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করে। তাদের মধ্যে থেকে মোট ১০ জনকে সেবা মেধাবী হিসেবে বাছাই করা হয়। আর ১৬ ডিসেম্বর বিজয় দিবসে উপজেলা প্রশাসন আয়োজিত অনুষ্ঠানে তাদের আনুষ্ঠানিক ভাবে পুরস্কৃত করা হবে। এই বাড়িজনী শিক্ষানুরাগী হলেন অবসরপ্রাপ্ত শিক্ষক প্রভাস চন্দ্র রায়। তিনি ইচ্ছাকৃতক বন্দন, মেধাবীদের উৎসাহ দিতে এবং তাদের পড়ার পড়িতে আরও বেগবান করতে এই পদক্ষেপ গ্রহণ করেন তিনি।

এবারের পরীক্ষার সময় বিভিন্ন স্কুল থেকে সহযোগিতায় আসা শিক্ষকদের মধ্যে ছিলেন, মৌরহরি বৈরাগী, মৃদুল রায়, গোবিন্দ মন্ডল, রবিন্দ্র ইসলাম, কৃষ্ণচন্দ্র রায়, নবী গোপাল গোলমার, বৃষ্টি প্রশাদ বিশ্বাস, কল্যাণ মন্ডল, শশীচন্দ্র চৌধুরী ও বলয় রায়।

পরীক্ষায় বিভাগ থেকে মোদাইপুর স্কুল ছাত্র অনিরুদ্ধ রায় প্রথম, বটিয়াঘাটা হেড কোয়ার্টারস স্কুল ছাত্রী সুহৃৎ মজুমদার দ্বিতীয়, আলাইপুর স্কুল ছাত্র সুজয় বরিক ও বটিয়াঘাটা হেড কোয়ার্টারস স্কুল ছাত্র মোহিত বিশ্বাস তৃতীয়, মানবিক বিভাগ থেকে বটিয়াঘাটা পাইলট বিদ্যালয়ের ছাত্রী চৈতী রায় প্রথম, বিরাট স্কুলের ছাত্র তারেক আহমেদ দ্বিতীয়, জলসা স্কুলের ছাত্র সুদীপ্ত বিশ্বাস তৃতীয় এবং বাণিজ্য শাখা থেকে হোগলপুরিয়া স্কুল ছাত্র হৃদয় মন্ডল প্রথম, জলসা স্কুলের ছাত্রী আশ্রিতা আক্তার দ্বিতীয়, পার বটিয়াঘাটা স্কুল ছাত্রী বিভূ জোড়নার তৃতীয় স্থান লাভ করে।



বটিয়াঘাটা (খুলনা): সেরাদের সেবা নির্বাহী পরীক্ষা চলছে

-ইত্তফাক